

নিউ ইয়র্ক স্টেট অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট-এ অংশগ্রহণের ব্যাপারে পিতামাতাদের প্রতি বিজ্ঞপ্তি

তারিখ: _____

প্রিয় পিতামাতা/অভিভাবক:

আপনাদেরকে এই মর্মে অবহিত করার জন্যে এই চিঠি দেয়া হচ্ছে যে, আপনার সন্তান

_____কে নিম্নলিখিত বিষয়ে জেনারেল নিউ ইয়র্ক স্টেট (NYS) অ্যাসেসমেন্ট (মূল্যায়ন) প্রোগ্রামে মূল্যায়নের পরিবর্তে নিউ ইয়র্ক স্টেট অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট (NYSAA)-এ অংশগ্রহণের জন্য তার IEP টিম সুপারিশ করেছিল, নিম্নলিখিত বিষয়(সমূহে):
_____।

এই সুপারিশ করার সময়, IEP টিম নির্ধারণ করেছেন যে আপনার সন্তান NYSAA-এর যোগ্যতা এবং শর্তাবলী পূরণ করেছে, যা পাওয়া যাবে www.p12.nysed.gov/specialed/publications/eligibility-criteria-for-participation-nysaa.html -সাইটে।

IEP টিম আরো সিদ্ধান্ত নিয়েছেন যে আপনার সন্তানের পক্ষে তার জ্ঞান ও দক্ষতা প্রদর্শনের জন্যে জেনারেল NYS অ্যাসেসমেন্ট প্রোগ্রাম, এমনকি পরীক্ষায় দেয়া বিশেষ সুবিধাগুলোও যথাযথ নয়। NYSAA হচ্ছে NYS টেস্টিং প্রোগ্রামের অংশ। NYSAA শিক্ষার্থীদের ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA), ম্যাথমেটিক্স (গণিত), এবং সায়েন্স (বিজ্ঞান)-এ বিকল্প মান অনুযায়ী কার্যসম্পাদনা পরিমাপ করে। 3-8 গ্রেড এবং হাই স্কুলের গুরুতর জ্ঞানগত প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্যে NYSAA যথাযথ।

অনুগ্রহ করে লক্ষ্য রাখবেন যে যদি আপনার সন্তান একটি অথবা একাধিক বিষয়ে হাই স্কুলে NYSAA-এ অংশগ্রহণ করে, তাহলে আপনার সন্তান NYS হাই স্কুল ডিপ্লোমার শর্তাবলী পূরণ করতে সক্ষম হবে না। NYSAA শিক্ষণ মান মূল্যায়ন করে যা নিউ ইয়র্ক স্টেট-এ হাই স্কুল ডিপ্লোমা অর্জনের যোগ্যতার শর্তাবলীগুলো (লোকাল বা রিজেন্টস্ ডিপ্লোমা) পূরণ করে না। একটি NYS হাই স্কুল ডিপ্লোমা অর্জন করতে শিক্ষার্থীদেরকে অবশ্যই বাধ্যতামূলক কোর্সের ক্রেডিটগুলো অর্জন ও বাধ্যতামূলক রিজেন্টস প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ করতে হবে।

NYSAA-এ অংশগ্রহণকারার জন্যে যেসব শিক্ষার্থীদের সুপারিশ করা হয়েছে তাদের জটিলতার হ্রাসকৃত স্তরে বিকল্প মান অনুযায়ী শিক্ষা নির্দেশনা দেয়া হয় এবং মূল্যায়ন করা হয়। আপনার সন্তানকে ডাইনামিক লার্নিং ম্যাপ (DLM) ব্যবহার করে বিকল্প মূল্যায়ন ব্যবস্থায় মূল্যায়ন করা হবে। DLM একটি কমপিউটার-পরিচালিত বিকল্প মূল্যায়ন, যা অ্যাডাপ্টিভ বা খাপ খাইয়ে নেয়ার মূল্যায়ন ব্যবস্থায় শিক্ষার্থীদের ELA, গণিত ও বিজ্ঞানে সাফল্য পরিমাপ করে। এই কমপিউটার নিয়ন্ত্রিত মূল্যায়ন ব্যবস্থা মূল্যায়নকে আপনার সন্তানের নিজস্ব সক্ষমতা ও চাহিদা অনুযায়ী গ্রহণ করার সুযোগ দেয়।

আপনার সন্তানের IEP টিম, আপনি যার একজন সদস্য, যা প্রতি বছর আপনার সন্তানের জন্য যথাযথ মূল্যায়ন বা অ্যাসেসমেন্ট প্রোগ্রাম সুপারিশ করবে। আপনার সন্তানের NYSAA এবং তাদের উত্তরমাধ্যমিক অপশনগুলোতে অংশগ্রহণ সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন থাকে, আপনাকে আপনার সন্তানের শিক্ষক বা স্পেশাল এডুকেশন অ্যাডমিনিস্ট্রেটরের সাথে কথা বলতে উৎসাহিত করা হচ্ছে।

NYSAA সম্পর্কিত সকল প্রশ্ন নিয়ে আপনি NYSED এডুকেশন অফিস অভ স্পেশাল এডুকেশন পলিসি ইউনিট-এর সাথে 518-473-2878 নম্বরে কিংবা অফিস অভ স্টেট অ্যাসেসমেন্টের সাথে 518-474-5900 যোগাযোগ করতে পারেন। এই প্যারেন্টস্ কুইক গাইড টু নিউ ইয়র্ক স্টেট অলটারনেটিভ অ্যাসেসমেন্ট (NYSAA)-সহ NYSAA সম্পর্কে বাড়তি তথ্য NYSED-এর অফিস অভ স্টেট অ্যাসেসমেন্ট NYSAA ওয়েবপেজে (<http://www.p12.nysed.gov/assessment/nysaa/home.html>) পাওয়া যাবে। NYSED-এর অফিস অভ কারিকুলাম ইনস্ট্রাকশন-এর ওয়েবপেজে (<http://www.nysed.gov/curriculum-instruction/>) গ্র্যাজুয়েশনের শর্ত সম্পর্কে বাড়তি তথ্য পাওয়া যাবে।

এই গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার মনোযোগের জন্য ধন্যবাদ।

বিনীত,